কালের কণ্ঠ

তারিখ 28 NOV 2016
পৃষ্ঠা ... কলাম ...




রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস দ্রুত বাস্তবায়নের দাবিতে গতকাল জেলা প্রশাসক কার্যালয়ের সামনে মানববন্ধন করে প্রতিষ্ঠানটির শিক্ষার্থীরা। ছবি : কালের কণ্ঠ

## রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

# স্থায়ী ক্যাম্পাসের দাবিতে আন্দোলনে শিক্ষার্থীরা

**রাঙামাটি প্রতিনিধি ▷**

রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের দাবিতে মানববন্ধন করেছে শিক্ষার্থীরা। এর আগে বৃহস্পতিবার একই দাবিতে সারা দিন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে নিজ কার্যালয়ে অবরুদ্ধ করে রাখে শিক্ষার্থীরা। রবিবার সকালে রাঙামাটি জেলা প্রশাসক কার্যালয়ের সামনে বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে অনুষ্ঠিত ঘণ্টাব্যাপী মানববন্ধনে দ্রুত স্থায়ী ক্যাম্পাসের দাবি জানায় তারা।

মানববন্ধনে বক্তারা স্থায়ী ক্যাম্পাসের ব্যাপারে সুনির্দিষ্ট সিদ্ধান্ত জানানো না হলে সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত ভেদভেদি কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট এবং ক্লাস বর্জন কর্মসূচি পালনের ঘোষণা দেয় শিক্ষার্থীরা। এ সময় দাবি মানা না হলে আমরণ অনশনে যাওয়ারও হুমকি দেয় তারা। এ সময় শিক্ষার্থীদের পক্ষে সাজিদ আমান, অপু দে, মুরশিদুল আমিন, জহিরুল ইসলাম প্রমুখ বক্তব্য দেন। মানববন্ধন শেষে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করা হয়।

**কল্পনা চাকমা অপহরণ ঘটনার উচ্চ পর্যায়ের তদন্ত দাবি**

১৯৯৬ সালে অপহৃত হিল উইমেন্স ফেডারেশনের তৎকালীন কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক কল্পনা চাকমা অপহরণ ঘটনার উচ্চ পর্যায়ের তদন্ত ও যথাযথ বিচার নিশ্চিতের দাবিতে রাঙামাটিতে তিনটি সংগঠন মানববন্ধন করেছে। পার্বত্য চট্টগ্রাম মহিলা সমিতি, হিল উইমেন্স ফেডারেশন ও পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদের পক্ষ থেকে এই মানববন্ধনের আয়োজন করা হয়। রবিবার সকালে রাঙামাটি জেলা প্রশাসক কার্যালয়ের সামনের সড়কে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তারা সম্প্রতি রাঙামাটি পুলিশ সুপারের দেওয়া কল্পনা চাকমা মামলা তদন্তের চূড়ান্ত প্রতিবেদন প্রত্যাখ্যান করে উচ্চ পর্যায়ের তদন্তের দাবি জানান। একই সঙ্গে এই ঘটনায় জড়িতদের দ্রুত গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তিরও দাবি জানানো হয়।

পার্বত্য চট্টগ্রাম মহিলা সমিতির রাঙামাটি জেলা সভাপতি সোনা মনি চাকমার সভাপতিত্বে এ সময় বক্তব্য দেন আদিবাসী ফোরামের সাধারণ সম্পাদক ইন্টু মনি চাকমা, পাহাড়ি ছাত্র পরিষদের রাঙামাটি জেলা সভাপতি রিন্টু চাকমা, অ্যাডভোকেট সুস্মিতা চাকমা এবং জনসংহতি সমিতির কেন্দ্রীয় কমিটির সহতথ্য ও প্রচার সম্পাদক সজীব চাকমা।

প্রসঙ্গত, ১৯৯৬ সালের ১২ জুন রাতে বাঘাইছড়ির নিউ লাইল্যাঘোনার নিজ বাড়ি থেকে অপহৃত হন হিল উইমেন্স ফেডারেশনের নেত্রী কল্পনা চাকমা। সেই থেকে আজও খোঁজ মেলেনি তাঁর।